দৈনিক ইত্তেফাক

তারিখ 26 FEB 1988
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৫ ...



## শিক্ষার মানোন্নয়নই ছাত্র রাজনীতির লক্ষ্য হওয়া উচিত

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান বলেন, শিক্ষা ক্ষেত্রে সার্বিক উন্নয়ন, সম্প্রসারণ এবং সঠিক জ্ঞানার্জনের লক্ষ্যে ইহার মানোন্নয়ন বর্তমান ছাত্র রাজনীতির মূল লক্ষ্য হওয়া বাঞ্ছনীয়।

তিনি গত মঙ্গলবার নোয়াখালী সরকারী কলেজের নূতন সাইটে নির্মিতব্য বিজ্ঞান ভবনের ভিত্তি-প্রস্তর স্থাপন অনুষ্ঠানে ছাত্র-শিক্ষকদের এক সমাবেশে ভাষণদানকালে বলেন, শিক্ষার মানোন্নয়নের দিকে বর্তমান সরকার বিশেষ নজর দিয়াছেন। এই লক্ষ্য অর্জনে সরকার সম্ভাব্য সব কিছুই করিতেছেন।

ছাত্র-ছাত্রীদের উদ্দেশে মন্ত্রী বলেন, তাঁহাদের এমন কিছু করা উচিত নয় যাহাতে সমাজ, অভিভাবক, দেশ ও জাতির ক্ষতি হইতে পারে এবং স্বাধীনতা হুমকির সম্মুখীন হয়। তিনি ছাত্রদের ধ্বংস, নৈরাজ্য ও সন্ত্রাসের পথ পরিহার করিয়া লেখাপড়ায় আত্মনিয়োগের মাধ্যমে নিজেদের আদর্শ নাগরিক হিসাব প্রতিষ্ঠিত করিয়া ভবিষ্যতে দেশের নেতৃত্বের ভার তুলিয়া নেওয়ার আহ্বান জানান। —তথ্য বিবরণী।